

“শেখ হাসিনার বারতা  
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপপরিচালকে কার্যালয়  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
মাগুরা।  
dwa.magura.gov.bd

স্মারক নং- ৩২.০১.৫৫০০.০০০.৩২.০২৪.১৯- ১৩৫

তারিখ : ১২ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ  
০৭ ডিসেম্বর ২০২২ খ্রি.


নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর পরিচালিত মহিলাদের “আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ” কর্মসূচীর আওতায় ঋণ বিতরণের লক্ষ্যে নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী মহিলাদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। ঋণ প্রদানের ক্ষেত্রে মহিলা বিষয়ক অধিদপ্তরের নিবন্ধীকৃত মহিলা সমিতি/সংস্থা সমূহের সদস্য, অত্র অফিস হতে প্রশিক্ষণ প্রাপ্ত মহিলা, দুঃস্থ, স্বামী পরিত্যক্তা, বিধবা এবং ভিজিডি কার্ডধারী মহিলারা অগ্রাধিকার পাবেন।

আগ্রহী মহিলাদের উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, মাগুরা হতে আবেদন ফরম সংগ্রহ পূর্বক আগামী ২৯/১২/২০২২খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জমা দেয়ার জন্য বলা হলো। বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

শর্ত সমূহ :

- ১। আবেদন পত্রের সাথে ২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর/মেম্বর কর্তৃক সত্যায়িত), ভোটার আইডি কার্ডের ফটোকপি এবং পৌরসভা/ইউনিয়ন পরিষদের নাগরিকত্ব সনদ সংযুক্ত করতে হবে।
- ২। প্রার্থীর ন্যূনতম অক্ষরজ্ঞান থাকতে হবে এবং বয়স সীমা ১৮ হতে ৫৫ বছরের মধ্যে হতে হবে।
- ৩। ঋণ প্রদান কমিটি কর্তৃক ঋণ অনুমোদনের পর ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে।
- ৪। ঋণ প্রদানের ক্ষেত্রে ঋণ বিতরণ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


  
আব্দুল আওয়াল  
উপপরিচালক (চ: দা:)  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
মাগুরা।  
ফোন : ০২৪৭৭৭১০৩৪৯

স্মারক নং- ৩২.০১.৫৫০০.০০০.৩২.০২৪.১৯- ১৩৫

তারিখ : ১২ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ  
০৭ ডিসেম্বর ২০২২ খ্রি.

বনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে) :-

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাগুরা সদর উপজেলা পরিষদ, মাগুরা।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, মাগুরা সদর, মাগুরা।
- ০৩। চেয়ারম্যান, ..... নং ..... ইউনিয়ন পরিষদ, মাগুরা।
- ০৪। নোটিশ বোর্ড, ..... কার্যালয়, মাগুরা।
- ০৫। অফিস নথি।

  
আব্দুল আওয়াল  
উপপরিচালক (চ: দা:)  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
মাগুরা।